

📃 আস-সাফফাত | As-Saffat | أُلصًا فًات

আয়াতঃ ৩৭:১৫৭

আরবি মূল আয়াত:

فَاتُوا بِكِتْبِكُم إِن كُنتُم صَدِقِينَ ﴿١٥٧﴾

🗚 অনুবাদসমূহ:

অতএব তোমরা সত্যবাদী হলে তোমাদের কিতাব নিয়ে আস। — আল-বায়ান তোমরা সত্যবাদী হলে নিয়ে এসো তোমাদের কিতাব। — তাইসিরুল

তোমরা সত্যবাদী হলে তোমাদের কিতাব উপস্থিত কর। — মুজিবুর রহমান

Then produce your scripture, if you should be truthful. — Sahih International

১৫৭. তোমরা সত্যবাদী হলে তোমাদের কিতাব(১) উপস্থিত কর।

(১) কাতাদাহ বলেন, এখানে কিতাব বলে, গ্রহণযোগ্য ওযর উদ্দেশ্য। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(১৫৭) তোমরা সত্যবাদী হলে তোমাদের গ্রন্থ উপস্থিত কর। [1]

[1] অর্থাৎ, এই বিশ্বাসের শুদ্ধতা বিবেক মেনে নেয় না যে, আল্লাহর সন্তান আছে; তাতেও আবার কন্যাসন্তান। যদি তাই হয়, তাহলে কোন প্রমাণ দেখাও, আল্লাহর নাযিলকৃত কোন একটি কিতাব দেখাও, যাতে আল্লাহর সন্তানের স্বীকারোক্তি বা প্রমাণ আছে?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3945

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন